

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ ডিসেম্বর ২০২৩খ্রি.

### দক্ষ নার্স ও ল্যাব টেকনিশিয়ান বাড়লে স্বাস্থ্যসেবা বাড়বে: মেয়র রেজাউল

বাংলাদেশে স্বাস্থ্যসেবার মান বাড়াতে হলে দক্ষ নার্স ও ল্যাব টেকনিশিয়ানের সংখ্যা বাড়াতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী।

বুধবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটসের বিএসসি গভর্নিং বডির সভায় মেয়র এ মন্তব্য করেন। সভাপতির বক্তব্যে মেয়র বলেন, ৫৬টি স্বাস্থ্য কমপ্লেক্সের মাধ্যমে পুরো নগরীতে স্বাস্থ্যসেবা দেয় চসিক। তবে, একসময় স্বাস্থ্যসেবাতে চসিকের যে গৌরবোজ্জ্বল ইমেজ ছিল তা হারিয়ে গেছে। আমি দায়িত্ব নেয়ার পর সাড়ে ৩ কোটি টাকা ব্যয় করে মেমন মাতৃসদন হাসপাতাল সংস্কার করেছি। অন্যান্য স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতেও গতি ফেরাতে কাজ চলছে। বাংলাদেশে স্বাস্থ্যসেবার মান বাড়াতে হলে দক্ষ নার্স ও ল্যাব টেকনিশিয়ানের সংখ্যা বাড়াতে হবে। এ দুটি খাতে এখনো ঘাটতি আছে বাংলাদেশে। ভবিষ্যতে, এ দুটি পেশায় দক্ষ শ্রমশক্তি উৎপাদনেও বিনিয়োগ করবে চসিক।

সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডাঃ ইসমাইল খান। আরো উপস্থিত ছিলেন চসিক সচিব খালেদ মাহমুদ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ডাঃ হাসিনা নাসরিন, চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ইমাম হোসেন রানা, চসিক ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী এন্ড ম্যাটসের অধ্যক্ষ ডাঃ শাহনাজ আকতার, ডাঃ আইরিন সুলতানা, ডাঃ মোহাম্মদ মনোয়ার-উল হকসহ গভর্নিং বডির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।  
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮